## আমাকে কি করতে হবে?

পুরস্কার অর্জন করতে হলে আপনার ব্যবসাটি যোগ্য বিবেচিত হবার স্বনির্দিষ্ট কিছু মাপকাঠির বিপরীতে যাচাই-বাছাইকৃত হবে, যেগুলো স্বাস্থ্যসম্মত স্বষম খাদ্যের নীতিমালার উপর ভিত্তিশীল - যেমন: চর্বি, চিনি এবং লবণের পরিমাণ সর্বনিম্ম রাখা, ফল এবং শাকসবজির বন্দোবস্ত ব্যাপকহারে রাখা এবং শক্ত শ্বেতসার জাতীয় উপাদানের উপর ভিত্তি করে প্রধান খাদ্য তৈরি করা। অধিকতর স্বাস্থ্যসম্মত পছন্দগুলোর ব্যাপারে যথোপযুক্ত বাজারজাতকরণ এবং প্রচার আপনার রয়েছে কিনা সে ব্যাপারেও আপনাকে যাচাই করা হবে।

## আমি কিভাবে জড়িত হব?

যদি আপনি হেল্‌থী অপ্‌শন্‌স এওয়ার্ড পেতে আগ্রহী হন এবং সামগ্রিকভাবে ফুড হাইজিন রেগুলেশন (খাদ্য স্বাস্থ্যবিধি প্রবিধান) পালন করে থাকেন, অর্থাৎ ফুড হাইজিন রেইটিং স্কীমের আওতায় ৩, ৪ অথবা ৫ অর্জন করে থাকেন, তবে আপনি অংশ নিতে পারবেন।










## যোগাযোগ:

আলীসন জৌন্‌স্ (Allyson Jones)
Health Improvement Team
Public Protection

টেলিফোন: 029 2087 1842
ই-মেইল: Alljones@cardiff.gov.uk

# হেল্‌থী অপ্‌শন্‌স্ এওয়ার্ড

## পার্থক্য বয়ে আনতে আগ্রহী?



CARDIFF
CAERDYDD

Cardiff Caerdydd
Healthy City Healthy Capital
Dinas Iach Prifddinas Iach

# ইহা কি?

বাইরে খাওয়া আমাদের জীবনে ক্রমবর্ধমানভাবে এক গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে - ওয়েল্‌স্‌-এ খাদ্য ও পানীয় (ড্রিংক) বাবদ যে পয়সা খরচ হয় এর এক-তৃতীয়াংশেরও বেশি খাওয়া হয় ঘরের বাইরে, আর উত্তরোত্তর লোকজন স্বাস্থ্যসম্মত খাবারদাবার বাছাই করছেন।

হেল্‌থী অপ্‌শন্‌স এওয়ার্ড প্রবর্তন করা হয়েছে সমগ্র ওয়েল্‌স্‌-এর সেসব খাদ্যবিক্রেতাদেরকে পুরস্কৃত করার লক্ষ্যে যারা তাদের কাস্টোমারদের জন্যে বাইরে খাবার সময় স্বাস্থ্যসম্মত খাবার পছন্দের বিষয়টিকে সহজতর করে থাকেন। এটির তিনটি মর্যাদা রয়েছে - ব্রোঞ্জ, সিলভার আর গোল্ড এবং এটির প্রতীক হচ্ছে হার্টের আকৃতিবিশিষ্ট বিচি সমেত আপেল।

# লক্ষ্যসমূহ কি কি?

অধিকতর স্বাস্থ্যসম্মত খাদ্য-ব্যবসা চর্চা ব্যবহার, ফল, শাকসবজি এবং কঠিন শ্বেতসার জাতীয় খাদ্য বৃদ্ধি এবং চর্বি - বিশেষ করে স্যাচুরেটেড (পরিপৃক্ত) চর্বি, চিনি এবং লবণের পরিমাণ কমানোর মাধ্যমে যেসব খাদ্য ব্যবসাগুলো তাদের কাস্টোমারদের জন্যে স্বাস্থ্যসম্মত খাবার পছন্দের স্বযোগ করে দেন তাদেরকে উৎসাহ যোগানোই হচ্ছে এই এওয়ার্ড তথা পুরস্কারের লক্ষ্য। শিশুদের জন্যে স্বাস্থ্যসম্মত খাবারের বন্দোবস্তকেও এটি স্বীকৃতি দেয়, স্টাফ প্রশিক্ষণ, স্বাস্থ্যসম্মত খাদ্য পছন্দগুলোর প্রচার এবং বাজারজাতকরণকে পুরস্কৃত করে।

# কেনো এটি গুরুত্বপূর্ণ?

খাদ্যসংশ্লিষ্ট রোগবালাই সম্পর্কিত ক্রমবর্ধমান উদ্বেগগুলো জানার জন্যে সংবাদপত্র অথবা টিভির প্রতি তাকালেই কেবল আপনার জন্যে যথেষ্ট। ওয়েল্‌স্‌-এ বসবাসরত আমাদের অর্ধেকেরও অধিক লোক এখন অতিরিক্ত ওজনসম্পন্ন অথবা ভীষণ মোটা। হার্ট ডিজিজ তথা হৃদরোগ ও কোন কোন ক্যান্সারের ক্ষেত্রে খাদ্যাভাস বিরাট ভূমিকা পালন করে এবং ওয়েল্‌স্‌-এ প্রতি চারটি মৃত্যুর মাঝে একটির চেয়ে বেশি আমরা কি খাই তার সাথে সম্পর্কিত। স্বতরাং খাদ্য ব্যবসায়ীরা আমাদের জাতির স্বাস্থ্যের ক্ষেত্রে বিশাল পার্থক্য ঘটাতে সক্ষম।

# কারা আবেদন করতে পারবেন?

যেসব খাদ্য ব্যবসা সাধারণ জনগণের জন্যে খাদ্য বিক্রয় করে থাকে সে ধরনের সকল ব্যবসার প্রতি এ পুরস্কার তথা এওয়ার্ড উন্মুক্ত।

এসব জায়গা তথা ব্যবসাগুলো সামগ্রিকভাবে ফুড হাইজিন রেগুলেশন (খাদ্য স্বাস্থ্যবিধি প্রবিধান) অবশ্যই মেনে চলতে হবে, অর্থাৎ ফুড হাইজিন রেইটিং স্কীমের আওতায় ৩, ৪ অথবা ৫ অর্জন করতে হবে।

# এওয়ার্ডটি কারা পরিচালনা করেন?

কার্ডিফ কাউন্সিলের হেল্‌থ্‌ ইম্প্রুভম্যান্ট টীম এ পুরস্কারটি বিবেচনা এবং পরিচালনা করে থাকে।

# এটিতে আমার ফায়দা কি?



হেল্‌থী অপ্‌শন্‌স এওয়ার্ড:

- আপনার জন্যে ভাল
- আপনার ব্যবসার জন্যে ভাল
- আপনার কাস্টোমারদের জন্যে ভাল

স্বাস্থ্যসম্মত খাবারের পছন্দের বন্দোবস্ত রাখার মাধ্যমে আপনার কাস্টোমারদের খাদ্যাভাস এবং স্বাস্থ্য উন্নত করার ক্ষেত্রে আপনি বিরাট অবদান রাখতে পারেন।

এ পুরস্কারটি অর্জনে সক্ষম হলে জনসাধারণের স্বীকৃতি আপনি পাবেন এবং কাস্টোমারদের অগ্রাধিকার দিয়ে থাকে এরূপ একটি দায়িত্বশীল ব্যবসা প্রতিষ্ঠান হিসেবে আপনার ভাবমূর্তি বাড়াতে পারেন। এটি আপনার ব্যবসাকে করতে পারে অনন্য অর্থাৎ বিশেষ বৈশিষ্ট্যমণ্ডিত এবং ঘটাতে পারে কাস্টোমার সন্তুষ্টি বৃদ্ধি। স্বাস্থ্যসম্মত পছন্দগুলোর চাহিদা দিনকে দিন বাড়ার ফলে - অধিকতর স্বাস্থ্যসম্মত পছন্দগুলোর পরিচিতি ঘটিয়েছে এরূপ বহু খাদ্য উৎপাদনকারী এবং খুচরা বিক্রেতারা বিক্রয়ের ক্ষেত্রে একটি প্রবৃদ্ধি লক্ষ্য করছেন।